



৫ই এপ্রিল, ২০২১

প্রেসবিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে শীতলক্ষ্যা নদীতে লঞ্চডুবিতে যাত্রীর মৃত্যুর ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর গভীর উদ্বেগ প্রকাশ ও ক্ষতিপূরণ দাবী

গত ৪ এপ্রিল ২০২১ তারিখে সন্ধ্যার দিকে নারায়ণগঞ্জ শহরের বিআইডব্লিউটিএ টার্মিনাল থেকে ছেড়ে যাওয়া যাত্রীবাহী লঞ্চ 'এমভি সাবিত আল হাসান' কয়লাঘাট এলাকায় কার্গো জাহাজের ধাক্কায় ডুবে যায়। লঞ্চের অনেকে সাঁতরে তীরে উঠতে পারলেও নিখোঁজ হন বেশির ভাগ যাত্রী। পরে উদ্ধার হওয়া লঞ্চের ভেতরই বেশির ভাগ লাশ পাওয়া গেছে। এ পর্যন্ত ৩৫ যাত্রীর মৃত্যু হয়েছে বলে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য থেকে জানা গেছে। এ লঞ্চ দুর্ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দাবী করছে।

এ যাবতকালে দেশে যে সকল নৌ দুর্ঘটনা ঘটেছে সেগুলো পর্যালোচনায় দেখা গেছে, নৌযান মালিক, পরিচালনাকারী এবং তদারককারী কর্তৃপক্ষ কর্তৃক 'ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স ১৯৭৬'-এর ধারাগুলো লঙ্ঘন হয়ে আসছে।

আমরা আশা করি, কর্তৃপক্ষ নিয়মানুযায়ী নৌযানগুলো পরিচালনা নিমিত্তে তদারকীর জন্য কার্যকর সরকারি আদেশ জারি, নৌ-ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য নৌ পুলিশ গঠন ও এলাকাভিত্তিক সুনির্দিষ্ট দায়িত্ব অর্পন করা, অভ্যন্তরীণ নৌযানসমূহকে মেরিন ইন্স্যুরেন্স-এর আওতায় নেয়া এবং যাত্রীবীমা বাধ্যতামূলক করা, বিভিন্ন ক্যাটাগরির নৌযানের (এমবি, এমএল, ওটি, এমভি ইত্যাদি) জন্য স্পষ্ট ও পৃথক নীতিমালা প্রণয়ন করা, নৌ-আদালত সংখ্যা বৃদ্ধি করা, প্রতি বছর নৌযানের ফিটনেস, কারিগরি ট্রাটি, নকশা প্রভৃতি পরীক্ষা বাধ্যতামূলক করা ও দক্ষ চালকদের প্রশিক্ষণের প্রতি নজর দেবেন।

এ দুর্ঘটনার বিষয়ে পরিদর্শকের গাফিলতি বা দুর্নীতির জন্য ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স ১৯৭৬ এর ধারা ৭০ (১)(ক) মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা এবং দুর্ঘটনায় ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স-১৯৭৬ এর আওতায় সংঘটিত সকল অপরাধে দায়ীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার জন্য জোর দাবী জানাচ্ছে।

উল্লেখ্য যে, ব্লাস্ট এর পক্ষ হতে গত ২০০৮ সালে লঞ্চ দুর্ঘটনা বিষয়ে একটি জনস্বার্থ মামলা করা হয়(মামলা নং- ৩৪৪/২০০৮) যেখানে আদালত ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রদানের নির্দেশ দিয়েছেন। গত ৫ জুন ২০১৭ তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগ ব্লাস্ট কর্তৃক দায়েরকৃত বহুল আলোচিত লঞ্চ দুর্ঘটনায় নিহত ও নিখোঁজ হওয়া সংক্রান্ত মামলায় নিম্ন আদালতের রায় বহাল রাখেন। উচ্চ আদালতের এই নির্দেশের মাধ্যম নিম্ন আদালতে দায়েরকৃত মামলায়(মামলা নং -৩৪৪/২০০৮)১৭ কোটি ১১ লক্ষ ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত আদেশ কার্যকর করে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতিপূরণ পাওয়ার অধিকার নিশ্চিত করার দাবী জানাচ্ছি।

বার্তা প্রেরক:

কমিউনিকেশন বিভাগ

ই-মেইল: communication@blast.org.bd